246

আজকের কাগজ

তারিখ 29 MAY 1995
পৃষ্ঠা ৮ কলাম ২

# মিঠামইনে প্রাথমিক শিক্ষক নিয়োগ নির্বাচন কমিটির বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

কিশোরগঞ্জ জেলার মিঠামইন থানায় স্বল্পব্যয়ী নির্মিত ৮টি প্রাথমিক বিদ্যালয়ে ২৩ জন শিক্ষক/শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে থানা নির্বাহী ও শিক্ষা কর্মকর্তা তথা নির্বাচন কমিটির বিরুদ্ধে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। প্রকাশ, মহাপরিচালক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের স্মারক নং- পিইউ (স্যাটেঃ) ও, এম-স্বল্প-৩২২/৯৪/২৯২/৪৮১ তাং ১৩/১২/৯৪ইং-এর আদেশমূলে থানায় স্বল্পব্যয়ে নির্মিত ও কমিউনিটি বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা নির্বাচন কমিটির ২৮/১২/৯৪ ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক এবং স্মারক নং - ৭১৮/৮(৫) তারিখ ২৯/৪/৯৪ইং মোতাবেক ৮টি স্বল্পব্যয়ী প্রাথমিক বিদ্যালয়ে সর্বমোট ২৩ জন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা হয়েছে। এই নিয়োগদানের ক্ষেত্রে নির্বাচন কমিটির ওপর সরকারি নিয়ম-নীতি উপেক্ষা করে গোপনে সম্পূর্ণ ব্যক্তিগত ইচ্ছায় এলাকার অনেক মেধাবী ছাত্রছাত্রীকে বঞ্চিত করে। তাদের মনোনীত প্রার্থীদেরকে নিয়োগ প্রদান করেছেন বলে এলাকাবাসী অভিযোগ তুলেছেন। এই অনিয়ম ও দুর্নীতির প্রতিবাদে স্থানীয় যুব সমাজ বিক্ষোভ মিছিল ও সমাবেশ মিটিং করে আসছে। এ ছাড়া উপরোক্ত উল্লেখিত অবৈধ নিয়োগ বাতিলের দাবিতে জেলা কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেও লাভ হয়নি। তারা বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করে আসল বিষয়টি খুঁতিয়ে বের করবার জোরালো দাবি জানিয়েছেন। এ ক্ষেত্রে নির্বাচন কমিটির মন্তব্য জানতে চাওয়া হলে তারা সরকারের সার্কুলার অনুযায়ী নিয়মতান্ত্রিকভাবে শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা হয়েছে বলে জানান। মিঠামইন থেকে রফিকুল ইসলাম।